রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**শনিবার, জানুয়ারি ৪, ২০২০**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

**[ মূসক আইন ও বিধি শাখা ]**

নং ০৩/মূসক/২০১৯          তারিখ : ০২ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ/১৭ ডিসেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ।

**বিষয় : মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর আওতায় International Gateway (IGW) কর্তৃক বৈদেশিক মুদ্রার বিনিময়ে বহির্বিশ্ব হতে প্রাপ্ত টেলিফোন কল বাংলাদেশের অভ্যন্তরে অন্তঃগামী সংযোগ প্রদানের ক্ষেত্রে ICX ও ANS কর্তৃক প্রদত্ত সেবার ক্ষেত্রে মূল্য সংযোজন কর আদায় সংক্রান্ত দিক-নির্দেশনা প্রদান।**

সূত্র : আইজিডব্লিউ অপারেটর্স ফোরাম এর স্মারক নং-আইওএফ/২০১৯/০৩২, তারিখ : ২০ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। বিষয়োক্ত পত্রের মাধ্যমে International Gateway (IGW) কর্তৃক বৈদেশিক মুদ্রার বিনিময়ে বহির্বিশ্ব হতে প্রাপ্ত টেলিফোন কল বাংলাদেশের অভ্যন্তরে অন্তঃগামী সংযোগ প্রদানের ক্ষেত্রে ICX ও ANS কর্তৃক প্রদত্ত সেবার ক্ষেত্রে মূল্য সংযোজন কর আদায় বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের দিক-নির্দেশনা কামনা করা হয়েছে।

০৩। বিষয়টি জাতীয় রাজস্ব বোর্ডে পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনায় দেখা যায় যে, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এ টেলিযোগাযোগ সরবরাহ বিষয়ে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ২৪ এর উপ-ধারা (৯) এর ন্যায় কোনো সুনির্দিষ্ট ধারা ছিল না বিধায় ইতোপূর্বে এ বিষয়টি প্রজ্ঞাপন এসআরও নং-১২৫-আইন/২০১০/৫৪৩-মূসক, তারিখ : ২৬ এপ্রিল, ২০১০ খ্রিস্টাব্দ জারির মাধ্যমে বাংলাদেশের অভ্যন্তরে অন্তঃগামী সংযোগ প্রদানের ক্ষেত্রে ICX ও ANS কর্তৃক প্রদত্ত সেবার ক্ষেত্রে মূল্য সংযোজন কর অব্যাহতি প্রদান করা হয়েছিল। মূল্য সংযোজন কর ও

সম্পূরক শুল্ক আইন, ২০১২ এ টেলিযোগাযোগ সেবার সরবরাহ বিষয়ে ধারা ২৪ এর উপ-ধারা (৯) এ নিম্নরূপ উল্লেখ রয়েছে, যথা :—

> "কোন টেলিযোগাযোগ সরবরাহকারী কর্তৃক অন্য কোন অনাবাসিক টেলিযোগাযোগ সরবরাহকারীর নিকট প্রদত্ত টেলিযোগাযোগ সেবার সরবরাহ শূন্যহার বিশিষ্ট হইবে।"

০৪। দেশের বাহিরে টেলিযোগাযোগ সেবা প্রদানের ক্ষেত্রে বাংলাদেশের অভ্যন্তর হতে বিদেশে কল করা হয় এবং বিদেশ হতে বাংলাদেশের অভ্যন্তরেও কলের সংযোগ প্রদান করা হয়। ওভারসীজ আউটগোয়িং কলের ক্ষেত্রে দেশের মধ্যে সৃষ্ট কল বিদেশে প্রেরণের ক্ষেত্রে ICX ও ANS সমূহ IGW কে সেবা প্রদান করলেও দেশের ভোক্তার নিকট হতে স্থানীয় মুদ্রার সেবামূল্য গ্রহণ করে থাকে এবং বিতরণ পর্যায়ের মূসক প্রদান করে থাকে। বাংলাদেশের অভ্যন্তরে অন্তঃগামী সংযোগ প্রদানের ক্ষেত্রেও (Overseas Incoming Call) IGW- ICX-ANS মিলে সামগ্রিকভাবে টেলিযোগাযোগ সরবরাহ সেবা সম্পন্ন হয়। এ ধরনের ইনকামিং কল বিতরণের ক্ষেত্রে ICX ও ANS সমূহের সেবা ছাড়া শুধুমাত্র IGW সমূহের একার পক্ষে দেশীয় ভোক্তার নিকট কল পৌঁছানো বাস্তবে সম্ভব নয় অর্থাৎ সমগ্র টেলিযোগাযোগ সেবা সরবরাহ উল্লিখিত চেইন ব্যতীত সমাপ্ত করা সম্ভব নয়।

০৫। IGW সেবা প্রদানের বিনিময়ে যে বৈদেশিক মুদ্রা প্রাপ্ত হয় তার একটি হিস্যা ICX ও ANS সমূহ প্রাপ্ত হয়। IGW যেহেতু বৈদেশিক মুদ্রায় সেবামূল্য প্রাপ্ত হয় এবং এ সেবামূল্য থেকেই ICX ও ANS এর সেবামূল্য পরিশোধিত হয় সেহেতু ICX ও ANS সেবামূল্য হতে VAT আদায় করা হলে IGW এর মূসক অব্যাহতি কার্যকর হয় না। তাছাড়া, এক্ষেত্রে ICX ও ANS এর সেবা প্রদান পর্যায়ে কোন মূল্য সংযোজন হয় না। মূল্য সংযোজন কর ব্যবস্থার মূলনীতি অনুযায়ী মূসক আরোপ হয় যে কোন পর্যায়ে মূল্য সংযোজনের উপর। সার্বিক প্রেক্ষাপটে, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ২৪ এর উপ-ধারা (৯) অনুযায়ী বাংলাদেশের অভ্যন্তরে শুধুমাত্র অন্তঃগামী সংযোগ প্রদানের ক্ষেত্রে (Overseas Incoming Call) ICX ও ANS সমূহ কর্তৃক IGW কে প্রদত্ত সেবার সরবরাহ শূন্য হার বিশিষ্ট হবে।

০৬। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে এ ব্যাখ্যাপত্র জারি করা হলো। এতদ্‌ব্যতীত জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত পত্র নং-৮(৬) মূসক নীতি ও বাজেট/৩৯৭, তারিখ : ১৩ নভেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ এতদ্‌দ্বারা রহিত করা হলো।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**হাছান মুহম্মদ তারেক রিকাবদার**
প্রথম সচিব (মূসক নীতি)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd